দৈনিক বাংলা
দৈনিক বাংলা 03 DEC 1988
বাংলাদেশ শিক্ষা তথ্য ... ডকুমেন্টেশন কেন্দ্র
03 DEC 1988
পৃষ্ঠা... ... কলাম...

# জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড

'টেক্সটবুক ভবন'

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

# বিজ্ঞপ্তি

001 057

সরকারের ইতিমধ্যে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৯৯১ সাল থেকে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় দীনিয়াত/ধর্মশিক্ষা ১০০ নম্বরের আবশ্যিক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত থাকবে। এতদ্‌পলক্ষে ১৯৮৯ সাল থেকে নবম শ্রেণীতে এবং ১৯৯০ সালে দশম শ্রেণীতে দীনিয়াত/ধর্মশিক্ষা সকল মাধ্যমিক বিদ্যালয়সমূহে আবশ্যিক বিষয় হিসাবে পড়ানো হবে। এ প্রেক্ষিতে ১৯৯১ সাল থেকে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় শিক্ষাক্রম ও মান বণ্টন (নম্বর) নিম্নে বর্ণিত কাঠামো ও বিভাজন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

—শিক্ষাক্রমের কাঠামো—

| বিষয়ের নাম | সাপ্তাহিক পিরিয়ড | পরীক্ষার নম্বর |
|---|---|---|
| ক। আবশ্যিক বিষয়সমূহ : | | |
| ১) বাংলা | ৭ | ২০০ |
| ২) ইংরেজী | ৭ | ২০০ |
| ৩) গণিত | ৫ | ১০০ |
| ৪) ভূগোল | ৪ | ১০০ |
| * ৫) ধর্মশিক্ষা (ইসলাম ধর্ম/হিন্দু ধর্ম/ বৌদ্ধ ধর্ম/খ্রিস্টান ধর্ম | ৩ | ১০০ |
| | ২৬ | ৭০০ |
| খ। নৈর্বাচনিক বিষয়সমূহ (প্রথম গুচ্ছ) : | | |
| ১) সাধারণ বিজ্ঞান (প্রথম পত্র : ভৌত বিজ্ঞান—১০০ দ্বিতীয় পত্র : জীব বিজ্ঞান—১০০) অথবা ২) সমাজ বিজ্ঞান (প্রথম পত্র : ইতিহাস—১০০ দ্বিতীয় পত্র : অর্থনীতি ৫০+পৌরনীতি ৫০=১০০) | ৬ | ২০০ |
| গ। নৈর্বাচনিক বিষয়সমূহ (দ্বিতীয় গুচ্ছ) : (নিম্নলিখিত বিষয়গুলি থেকে যেকোন একটি নিতে হবে)। | ৩ | ১০০ |
| | মোট=৩৫ | মোট=১০০০ |

বিষয়ের নাম :

১) উচ্চতর বাংলা/উচ্চতর ইংরেজী
২) আরবী/ফার্সী/সংস্কৃত/পালি/উর্দু
৩) উচ্চতর গণিত
৪) বিজ্ঞান (যারা নৈর্বাচনিক প্রথম গুচ্ছে অন্তর্গত সাধারণ বিজ্ঞান নিবে তারা এই বিষয়টি নিতে পারবে না)।
৫) ব্যবসায় পদ্ধতি ও বাণিজ্যলিপি
৬) বাণিজ্যিক গণিত ও হিসাবরক্ষণ
৭) বাণিজ্যিক ভূগোল
৮) জ্যামিতিক ও কারিগরি অংকন/লোহা লক্কড়ের কাজ/কাঠের কাজ/ ফলিত বিদ্যুৎ শক্তি/গৃহ নির্মাণ।
৯) খাদ্য ও পারিপুষ্টি (কেবলমাত্র মেয়েদের জন্য)
১০) গৃহ পরিচালনা ও পারিবারিক জীবন (কেবলমাত্র মেয়েদের জন্য)
১১) বস্ত্র ও পরিচ্ছদ/সেলাই ও দর্জি বিজ্ঞান/সেবা বিজ্ঞান/টাইপ লিখন
১২) ললিত কলা/সঙ্গীত
** ১৩) শারীরিক শিক্ষা/ক্রীড়া (নিম্নলিখিতগুলির যেকোন একটি) : ফুটবল/ক্রিকেট/হকি/ভলিবল/বাস্কেটবল/কাবাডি/হ্যান্ডবল/ সাঁতার, ডাইভিং ও ওয়াটার পোলো/এ্যাথলেটিকস।

***ঘ। অতিরিক্ত ঐচ্ছিকসহ শিক্ষাক্রমিক বিষয়সমূহ :

১। ক) শারীরিক শিক্ষা বিভাগ
খ) দলগত কাজ—বয়স্কাউট অথবা গার্লস গাইড কার্যক্রম এবং বিতর্ক ও সাংস্কৃতিক কার্যাবলী

২। ক) দলগত খেলা বিভাগ
খ) ব্যক্তিগত সাঁতার বিভাগ
গ) ব্যক্তিগত শরীর চর্চা বিভাগ
ঘ) ব্যক্তিগত ক্রীড়া বিভাগ

* মুসলমান শিক্ষার্থীদের জন্য ইসলাম ধর্ম এবং হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্ট ধর্মাবলম্বী শিক্ষার্থীদের জন্য তাদের নিজ নিজ ধর্ম শিক্ষা বাধ্যতামূলক। তবে কোন বিদ্যালয়ে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়ের ধর্ম শিক্ষক না থাকলে ঐ ধর্মাবলম্বী শিক্ষার্থীরা তাদের নিজ ধর্ম শিক্ষার পরিবর্তে নৈর্বাচনিক দ্বিতীয় গুচ্ছের অন্তর্গত বিষয়সমূহ থেকে যেকোন ১টি বিষয়কে আবশ্যিক বিষয় হিসাবে নিতে পারবে। তবে মুসলমান শিক্ষার্থীদের জন্য দীনিয়াত আবশ্যিক বিষয় হিসাবেই থাকবে এবং জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড কর্তৃক বর্তমানে প্রকাশিত দীনিয়াত/ধর্ম শিক্ষার বই পাঠ্যক্রমভুক্ত থাকবে।

** ক্রমিক নং ১৩-এর উল্লিখিত বিষয় শুধুমাত্র ঢাকা বোর্ডের অধিভুক্ত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা নিতে পারবে।

*** এ বিষয়ের কোন নম্বর এসএসসি পরীক্ষার ফলাফলের সাথে যোগ করা হবে না। শুধু বিদ্যালয়ের রেকর্ডে থাকবে। এটা বিদ্যালয় প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কিত প্রশংসাপত্রে লিপিবদ্ধ করা হবে।

স্বাক্ষর—
(হেদায়েত আহমেদ)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

ডিএফপি(স)—১৫৫৫২/৩০-১১
জি—৪২২০